রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ২২শে ফাল্গুন, ১৩৯৬/৬ই মার্চ, ১৯৯০

নং এস, আর, ও ৯৮-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণের (সামরিক চিকিৎসা সার্ভিস অধিদপ্তর এবং তদধীন মাতৃমংগল এবং শিশু কল্যাণ ও পরিবার পরিকল্পনা শাখা) নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(খ) "শিক্ষানবিস" বলিতে কোন নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে;

(গ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্যঃ ১'২০ পয়সা

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতাকে বুঝাইবে;

(ঙ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(চ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদসমূহকে বুঝাইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সম্পর্কিত নির্দেশাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্টকৃত পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতাবহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন, তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে উক্ত দফা প্রযোজ্য হইবে না;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে সামরিক চিকিৎসা সার্ভিস অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগের যোগ্য এবং তিনি এইরূপ দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি,—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত/বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদসহ এইরূপ শিক্ষানবিসি সময়কাল সর্ব সাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে কোন ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন,

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ পর্যন্ত না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষা তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ এবং হেফাজত।—(১) The Civilian Officers (Directorate General of Medical Service under the Ministry of Defence) Recruitment Rules, 1983, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লেখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকরণের পূর্বে উক্ত Rules এর অধীনে কৃত সকল কাজকর্ম, গৃহীত ব্যবস্থা অথবা আরব্ধ কোন কার্যধারা, এই বিধিমালা দ্বারা সংশোধিত বা বাতিল করা না হইলে, এইরূপে কার্যকর থাকিবে যেন উহা এই বিধিমালার অধীনে কৃত, গৃহীত বা আরব্ধ হইয়াছিল।

## তফসিল

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রধান গবেষণা কর্মকর্তা | অনুর্ধ্ব ৪০ বৎসর | সিনিয়র রিসার্চ অফিসার হইতে পদোন্নতির মাধ্যমে<br>অথবা<br>সমমর্যাদা ও অভিজ্ঞতা সম্পন্ন সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের মধ্যে হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে<br>অথবা<br>সরাসরি নিয়োগের মাধ্যমে, যদি পদোন্নতি/প্রেষণে নিয়োগের জন্য যোগ্য ব্যক্তি না পাওয়া যায়। | পদোন্নতির জন্য: সিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর পদে ন্যূনতম ১০ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্রে/বায়োকেমেষ্ট্রী/ফুড এণ্ড নিউট্রিশন/ফার্মেসী/ফার্মাকোলজি/মাইক্রোবায়োলজিতে পি এইচ ডি/এম, এস/এম, ফিল ডিগ্রীসহ সংশ্লিষ্টক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে উপরে বর্ণিত যে কোন বিষয়ে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং স্নাতকোত্তর ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বৎসরের অভিজ্ঞতা।<br>গবেষণা কাজে অথবা গবেষণা নির্দেশনা কাজে অভিজ্ঞতা অথবা কোন প্রকার টেকনিক্যাল প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২ | সিনিয়র রিসার্চ অফিসার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | প্রথমে রিসার্চ অফিসার হইতে পদোন্নতির মাধ্যমে এবং পরবর্তীতে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে নূন্যতম ৫ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/বায়ো-কেমিষ্ট/ফুড এণ্ড নিউট্রিশন/ফার্মেসী, ফার্মাকোলজি/মাইক্রোবায়োলজিতে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং উভয় পর্যায়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>উপরোক্ত যে কোন বিষয়ে পি এইচ ডি/এম, ফিল/এম, এস, ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br><br>গবেষণা কাজে অথবা গবেষণার নির্দেশনার কাজে অভিজ্ঞতা অথবা কোন প্রকার টেকনিক্যাল প্রকাশনা থাকিলে তাহা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| ৩ | উপ-সহকারী মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস (রঞ্জন রশ্মি/ইলেকট্রো মেডিক্যাল ইকুইপমেন্পট)। | অনূর্ধ্ব ৩৫ বৎসর | যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সমমর্যাদার সশস্ত্র বাহিনীর অফিসারদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।<br><br>যদি প্রেষণে নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না যায় তবে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থ বিদ্যা ও ইলেকট্রোনিকসএ ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>রঞ্জন রশ্মি/ইলেকট্রোমেডিক্যাল ইকুইপমেন্টস এ-পূর্ব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | অফিসার-ইন-চার্জ ষ্টক কন্ট্রোল। | অনূর্ধ্ব ৩০ বৎসর | প্রশাসনিক কর্মকর্তার পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ৪ বৎসরের অভিজ্ঞতা-সহ নূন্যতম ১০ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফার্মেসীতে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| ৫ | অফিসার-ইন-চার্জ আর এস এস ডি/ সলভেন্ট ষ্টোরস। | ঐ | সরাসরি নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সশস্ত্র বাহিনীর সমমর্যাদার অফিসারদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।<br>প্রেষণে নিয়োগের জন্য কোন যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থ বিদ্যা ও ইলেকট্রোনিকস-এ প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মান-সহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ইলেকট্রিক এণ্ড ইলেকট্রোনিকস প্রকৌশল-এ স্নাতক ডিগ্রী।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| ৬ | কিউরেটর | ঐ | ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদা সম্পন্ন কিউরেটর পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির জন্য যোগ্য কর্মকর্তা পাওয়া না গেলে সশস্ত্র বাহিনী অথবা মেডিক্যাল কলেজের সমমর্যাদা সম্পন্ন অফিসারদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। প্রেষণে নিয়োগের জন্য যোগ্য কর্মকর্তা পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদা সম্পন্ন কিউরেটর পদে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণী বিদ্যায় ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।<br>অথবা<br>এনাটমীতে বিশেষ শিক্ষাসহ এম, বি, বি, এস, ডিগ্রী।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭ | এনটোমলজি প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সশস্ত্র বাহিনী/সরকারী প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।<br><br>প্রেষণে নিয়োগের জন্য যোগ্য কর্মকর্তা পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে এনটোমলজীতে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে। |
| ৮ | ফটোমাইক্রোগ্রাফার (ইলেকট্রোন মাইক্রোসকোপ) | ঐ | ফটোগ্রাফার-এর পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।<br><br>পদোন্নতি/প্রেষণে নিয়োগের জন্য যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ন্যূনতম ১০ বৎসরের অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যাসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী এবং ফটোমাইক্রোগ্রাফিতে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | প্রশাসনিক কর্মকর্তা | ঐ | প্রথমে ষ্টোর হোল্ডার পদধারীর পদোন্নতির মাধ্যমে এবং পরবর্তীতে অফিস সহকারী/উচ্চমান | পদোন্নতির জন্য : ষ্টোর হোল্ডার পদে ন্যূনতম ৪ বৎসরের এবং অফিস সহকারী/উচ্চমান করণিক পদে ৬ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করণিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য ব্যক্তি পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০ | ফটোগ্রাফার | অনূর্ধ্ব ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষা সার্টিফিকেটসহ কোন সংগঠনে/দৈনিক পত্রিকায় ফটোগ্রাফার হিসাবে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। এবং<br>আধুনিক ফটোগ্রাফি যন্ত্রপাতিতে যথা ক্যামেরা, এনলার্জার, ইলেকট্রোনিক ফ্লাশগান ইত্যাদিতে অবশ্যই সম্যক জ্ঞানের অধিকারী হইতে হইবে। |
| ১১ | আর্টিষ্ট | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস-এ ন্যূনতম স্নাতক ডিগ্রী। |
| ১২ | লাইব্রেরীয়ান | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমাসহ ন্যূনতম স্নাতক ডিগ্রী। |
| ১৩ | ষ্টেটিসটিশিয়ান | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়সহ ন্যূনতম স্নাতক ডিগ্রী। |
| ১৪ | অফিস সহকারী/ উচ্চমান করণিক। | ঐ | (ক) ½ ভাগ টাইপিষ্ট কাম-ক্লার্ক/ এলডিএ কাম-টাইপিষ্টদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ½ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫ | হিসাব সহকারী | অনূর্ধ্ব ২৭ বৎসর | হিসাব করণিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |
| | | | পদোন্নতির যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ন্যূনতম স্নাতক ডিগ্রী। |
| ১৬ | গবেষণা সহকারী গ্রেড-২ | ঐ | ল্যাবরেটরী সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিডার পদে ন্যূনতম ৩ বৎসরের চাকুরী। |
| | | | পদোন্নতির যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন ও অংকসহ বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রী। |
| ১৭ | ল্যাবরেটরী সহকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নসহ বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রী, অথবা |
| | | | | ল্যাবরেটরীর কাজে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ এইচ, এস, সি (বিজ্ঞান)। |
| ১৮ | ড্রাফটসম্যান | ঐ | ঐ | এস, এস, সি এবং ড্রাফটসম্যানশীপে ডিপ্লোমা। |
| ১৯ | টাইপিষ্ট কাম ক্লার্ক/ এলডিএ কাম টাইপিষ্ট। | ঐ | ঐ | এইচ, এস, সি এবং তৎসহ প্রতি মিনিটে মুদ্রাক্ষরের গতি সর্বনিম্ন ইংরেজী ২৮টি এবং বাংলা ২০টি শব্দ। |
| ২০ | এক্সপিএ/ওটিএ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এইচ, এস, সি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | এক্সট্রিউডর | অনুর্ধ ২৭ বৎসর (মহিলাদের জন্য ৩০ বৎসর) | ঐ | এইচ, এস, সি অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ এস, এস, সি। |
| ২২ | ড্রাইভার | অনুর্ধ ২৭ বৎসর | ঐ | ৮ম শ্রেণী পাশ এবং ভারী/হালকা যানবাহন চালনায় ন্যুনতম ২ বৎসরের অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী। |
| ২৩ | ট্রোরম্যান | ঐ | ঐ | এইচ, এস, সি। সাবেক সেনা এন সি ও দের ক্ষেত্রে শিথিলযোগ্য এবং মুদ্রাক্ষর জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪ | পেইন্টার | ঐ | ঐ | এস, এস, সি সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যুনতম ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৫ | ফায়ার সুপারভাইজার | | ফায়ারম্যানদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যুনতম ৫ বৎসরের চাকুরী। |
| ২৬ | কাটনার/ফিটার | অনুর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশসহ কাটনার/ফিটার হিসাবে ন্যুনতম ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৭ | টিন স্মিথ | অনুর্ধ ৩০ বৎসর | ইউ এস এম/লেবার হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যুনতম ৫ বৎসরের চাকুরী। |
| ২৮ | কার্পেন্টার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যুনতম ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা সহ ড্রইং/স্কেচ অনুসারে জিনিষপত্র তৈয়ার করিবার কাজে দক্ষতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯ | ল্যাব পরিচারক | অনুর্দ্ধ ২৭ বৎসর | (ক) ½ ভাগ ল্যাব বহনকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ½ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে নুন্যতম ৪ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: এইচ, এস, সি (বিজ্ঞান) |
| ৩০ | কার্মারম্যান | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | এস, এস, সি। |
| ৩১ | ল্যাব বিয়ারার | ঐ | ঐ | এস, এস, সি (বিজ্ঞান)। |
| ৩২ | ইলেকট্রিশিয়ান | ঐ | ঐ | নূনতম ৮ম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩৩ | পেকার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৩৪ | এম এল এস এস/পিয়ন | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৩৫ | চৌকিদার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৩৬ | ইউ এস এস/লেবার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৩৭ | আয়া | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৩৮ | পাচক | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ এবং পাচক হিসাবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |

| | | | |
|---|---|---|---|
| ৩৯ নালী | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৪০ বর্শানচি | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |
| ৪১ খাচুদার | ঐ | ঐ | ৮ম শ্রেণী পাশ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ সিদ্দিকুর রহমান

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার রাহ্‌মত্‌উল্লাহ করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।